

পর্যটন খাতে নজর সৌদি আরবের

- A Monitor Desk Report

Date: 06 June, 2024



রিয়াদ: তেলের ওপর নির্ভরতা থেকে সরে আসছে সৌদি আরব। এর বদলে পর্যটন খাতের দিকে নজর বাড়াচ্ছে তারা। এছাড়া ধর্মীয় দিক থেকেও উদার মনোভাব প্রদর্শন করছে মধ্যপ্রাচ্যের এ দেশ। এরই ধারাবাহিকতায় প্রথমবারের মতো নাইট ক্লাব চালু করেছে তারা। সৌদি আরবের প্রথম নাইট ক্লাবের নাম 'বিস্ট হাউস'। সেখানে কী কী সুবিধা থাকবে, তা নিয়ে অনেকের মধ্যেই আগ্রহ জন্মেছে।

সৌদি আরবের রাজধানী রিয়াদে অবস্থিত 'বিস্ট হাউসে' যাবতীয় বিধিনিষেধ ভেঙে ঢুকতে দেওয়া হবে নারীদেরও। এখানে প্রবেশ করতে গেলে ক্লাবের সর্বনিম্ন বার্ষিক সদস্য ফি হিসেবে দিতে হবে ৬ হাজার রিয়াল বা ১ লাখ ৮৭ হাজার টাকা। আরও সুবিধা চাইলে দিতে হবে ১০ হাজার রিয়াল বা প্রায় ৩ লাখ ১২ হাজার টাকা।

সৌদির এই নাইট ক্লাবে অত্যন্ত বিলাসবহুল ইন্টেরিয়র তৈরি করা হয়েছে। এ ছাড়া বিলাসবহুল সুযোগ সুবিধাও দেওয়া হয়েছে। নির্মাতারা আশা করছেন, এটি ক্রমেই সৌদি আরবে শিল্প ও সঙ্গীতের কেন্দ্র হয়ে উঠবে। তবে সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে মদ।

এমডিএলবিইস্টের প্রধান নির্বাহী কর্মকর্তা রামাদান আলহারাতানি সংবাদমাধ্যমকে বলেছেন, বিস্ট হাউস এমন একটি জায়গা যেখানে সৃজনশীলতা লালিত হয় এবং স্থানীয় এবং আন্তর্জাতিক দৃশ্যের প্রতিভা বাড়তে পারে। বিস্ট হাউস স্টুডিও ঐতিহ্যবাহী এবং আধুনিক ডিজিটাল সরঞ্জামের মিশ্রণে সব স্তরের শিল্পীদের মূল্যায়ন করে।

বেশ কয়েক বছর ধরেই সৌদি আরব পর্যটনের উন্নয়নে বিদেশিদের আমন্ত্রণ জানাচ্ছে। এই পাবলিক ক্লাবটিও এই বিদেশি পর্যটকদের পছন্দের অন্যতম জায়গা হবে বলে আশা করা হচ্ছে। কারণ এখন পর্যন্ত সৌদি আরবে কোথাও বিদেশিরাও পার্টি করতে পারত না।

এই পাবলিক ক্লাবটিতে অনেক স্টুডিও রয়েছে। একটি ডাইনিং এরিয়াও তৈরি করা হয়েছে। অনেক ডিজে এবং সঙ্গীত প্রয়োজকও এখানে থাকবেন। যা এই পাবলিক ক্লাবটিকে আরও আকর্ষণীয় করে তুলেছে।

বিস্ট হাউসে মদের নিষেধাজ্ঞা কার্যকর করতে অত্যন্ত বিপজ্জনক বাউন্সার মোতায়েন করা হয়েছে। তবে এই পাবলিক ক্লাবে আগত অতিথিরা মদের পরিবর্তে মকটেল খেতে পারবেন।

-B